



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.০০৪.৪৮.১৭-১৫১

তারিখঃ ০২ কার্তিক ১৪২৭
১৮ অক্টোবর ২০২০

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৬২৪৫/২০১৮ মামলার আদেশ এবং তদন্ত প্রতিবেদনের আলোকে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন এনায়েতপুর দাখিল মাদ্রাসাটি অন্যত্র স্থানান্তরের বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে টিএমইডিকে অবহিতকরণ।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.২১.০০১.১৫-১৬৪ তারিখ: ০৭.১০.২০ খ্রি।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.১৭.০০৩.১৮-৮২ তারিখ: ২৪.০৮.২০ খ্রি।
(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০৭.০০২.১৬-৬০ তারিখ: ০৬.০৫.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন এনায়েতপুর দাখিল মাদ্রাসা স্থানান্তরের বিষয়ে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণক্রমে Compliance report কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ নিশ্চিত করা প্রয়োজন:

ক. রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন এনায়েতপুর দাখিল মাদ্রাসার একাডেমিক সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে প্রস্তাবিত এনায়েতপুর মৌজার দাগ নং-৪১৫৪ এর ০.৩৩ একর জমিতে (প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের আরো প্রয়োজন থাকলে তা নির্মাণ করার শর্তে) স্থানান্তরের অনুমতি মাদ্রাসার ম্যানেজিং কমিটিকে প্রদান করা;

খ. যেহেতু এনায়েতপুর মৌজার ৩৬১ দাগের ০.৪১ একর জমিতে দীর্ঘদিন মাদ্রাসার ভবন অবস্থিত এবং মাদ্রাসার পক্ষ হতে ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হচ্ছে সেহেতু মাদ্রাসার পক্ষ হতে (মাদ্রাসার স্বত্ব স্বার্থ নিশ্চিত করার লক্ষ্যে) দক্ষভাবে মামলা প্রতিদ্বন্দ্বিতা নিশ্চিত করার জন্য ম্যানেজিং কমিটিকে নির্দেশ প্রদান;

গ. যেহেতু দানকৃত ০.৩৩ একর জমি (৪১৫৪ দাগের) বর্ণিত দাখিল মাদ্রাসার নামে নয় এবং ফুরকানিয়া মাদ্রাসার নামে সেহেতু ভবিষ্যতে জটিলতা এড়ানোর নিমিত্ত ০.৩৩ একর জমির দাতার বর্তমান ওয়ারিশগণের নিকট হতে এনায়েতপুর দাখিল মাদ্রাসার অনুকূলে রেজিস্ট্রিকৃত দানপত্র সম্পাদন নিশ্চিত করা।

০২। এমতাবস্থায়, উপরিউক্ত মতে কার্যক্রম গ্রহণক্রমে আগামি ২৮.১০.২০ খ্রি. এর মধ্যে Compliance report কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


২৪/১০/২০২০

(এ.কে. এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)
ফোন: ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, এনায়েতপুর দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।